# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

সদর দপ্তর, চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

নম্বর: ৩৬.০৪.০০০০.০১১.১১.০০১.১৯.১৪ তারিখ: ০২/০১/২০২০খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এর অধীন মিল/প্রতিষ্ঠানসমূহের নিম্নেবর্ণিত শূন্যপদসমুহ পূরণের লক্ষ্যে নিম্নোক্ত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের সকল জেলার প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ | পদের নাম ও বেতনস্কেল (গ্রেড) | শূন্যপদের সংখ্যা (কম/বেশী) | বয়সসীমা | শিক্ষ্যাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | মেডিক্যাল অফিসার<br>৩৫৫০০-৬৭০১০/-(গ্রেড-৬) | ০৮ | ৩৫ বছর<br>(অধিকতর যোগ্য প্রার্থীর ক্ষেত্রে ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য) | এমবিবিএস ডিগ্রিসহ ৫(পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা। |
| ২. | সহকারী ব্যবস্থাপক(যন্ত্রকৌশল)<br>২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) | ১৬ | ৩০ বছর | বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি (মেকানিক্যাল)। |
| ৩. | সহকারী ব্যবস্থাপক(তড়িৎকৌশল)<br>২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) | ০৪ | ৩০ বছর | বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি (ইলেকট্রিক্যাল/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং) । |
| ৪. | সহকারী ব্যবস্থাপক(পুরকৌশল)<br>২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) | ০৭ | ৩০ বছর | বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি (সিভিল)। |
| ৫. | সহকারী ব্যবস্থাপক(পরিবহণ প্রকৌশল)<br>২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) | ০৫ | ৩০ বছর | বিএসসি ইন এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। |
| ৬. | সহকারী ব্যবস্থাপক(অর্থ/হিসাব)<br>২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) | ২৭ | ৩০ বছর | এম,বি,এ/এম,কম ডিগ্রি সহ শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি থাকা চলবে না। অথবা বিকম সহ ২য় শ্রেণির চাকরিতে ৬ বৎসরের অভিজ্ঞতা। |
| ৭. | ইক্ষু উন্নয়ন সহকারী<br>১০২০০-২৪৬৮০/-(গ্রেড-১৪) | ৩০০ | ৩০ বছর | কৃষিতে ডিপ্লোমা অথবা এইচএসসি (বিজ্ঞান/কৃষি বিজ্ঞান) পাশ। |

**শর্তাবলী:**

১. আবেদনকারীর বয়স ৩১/১২/২০১৯খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। এসএসসি সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২. কেবলমাত্র উপযুক্ত এবং ত্রুটিমুক্ত আবেদনকারীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং গেজেটেড কর্মকর্তা (নামসহ) কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ছায়ালিপি দাখিল করতে হবে।

৪. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৫. জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৬. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি সরাসরি নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হবেন না।

৭. কোন ধরনের তদবির কিংবা সুপারিশ, প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৮. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।

৯. বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এর website: www.bsfic.gov.bd এ বিজ্ঞপ্তি দেখা যাবে।

১০. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. নিয়োগযোগ্য পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

১২. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://bsfic.teletalk.com.bd**এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। Online ফরম এর সকল অংশ (ছবি এবং স্বাক্ষর)সহ যথাযথভাবে পূরণ করে দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে;

**আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

i.Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ **১২/০১/২০২০ খ্রিঃ, সকাল- ১০:০০ টা।**

ii.Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **২৬/০১/২০২০খ্রিঃ, বিকাল - ০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১নং থেকে ৬নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য আবেদন প্রতি ৭০০/-(সাতশত) টাকা ও **Teletalk** এর সার্ভিস চার্জ বাবদ ৮৪/-(চুরাশি) টাকাসহ মোট ৭৮৪/-(সাতশত চুরাশি) টাকা এবং ৭নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য আবেদন প্রতি ৫০০/-(পাঁচশত) টাকা ও **Teletalk** এর সার্ভিস চার্জবাবদ ৬০/-(ষাট) টাকা সহ মোট ৫৬০/-(পাঁচশতষাট) টাকা আবেদনপত্র **Submit** এর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS:**BSFIC**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BSFIC ABCDEF**

Reply: Applicant's Name, Tk- **560/784**(application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BSFIC<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS:**BSFIC**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **BSFIC YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BSFIC Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://bsfic.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে **(শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে)** যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ঝ. i. User ID জানা থাকলে **BSFIC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: **BSFIC Help User ABCDEF** & send to 16222

ii. PIN Number জানা থাকলে:**BSFIC**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.

Example: **BSFIC Help PIN 12345678** & send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে ১২১ নাম্বারে কল করুন অথবা **01500121121** (from any Operator) এছাড়া vas.query@teletalk.com.bd এবং admbsfic2020@yahoo.com ইমেইল এ যোগাযোগ করা যাবে; **(Mail এর subject এ Organization Name "BSFIC", Post Name: ***** , Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)**

ট.আবেদনপত্রে কোন তথ্য গোপন করা হলে বা কোন মিথ্যা তথ্য প্রদান করা হলে প্রার্থীর প্রার্থীতা বাতিল (যেকোন সময়ে) করা হবে এবং এ কারণে প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২/০১/২০২০

(মোঃ রফিকুল ইসলাম)
চিফ অব পার্সোনেল
ফোনঃ ৯৫৫৮২৮১